HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

মিরপুরে স্বাস্থ্যসেবা কেন্দ্র হামলা, লুটপাট ও ভেঙ্গে গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র তীব্র নিন্দা ও উদ্বেগ

[ঢাকা, ২৮ সেপ্টেম্বর ২০২৬] রাজধানীর মিরপুর-১-এর রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে মধ্যরাতে হামলা, লুটপাট ও ভাঙচুরের পর ভারী যন্ত্রপাতি দিয়ে পুরো স্থাপনা গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করছে। প্রায় পাঁচ দশক ধরে নিম্ন আয়ের এবং সুবিধা বঞ্চিত মানুষদের, বিশেষ করে নারী ও শিশুদের, স্বাস্থ্যসেবা দিয়ে আসা একটি জনসেবামূলক প্রতিষ্ঠান এভাবে ধ্বংস করে দেওয়ার ঘটনা নজিরবিহীন, অগ্রহণযোগ্য এবং আইনের শাসনের জন্য গুরুতর হুমকি।

গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, ২৪ সেপ্টেম্বর দিবাগত রাতে মুখোশধারী প্রায় ২০০ থেকে ২৫০ জন ব্যক্তি দেশীয় অস্ত্র নিয়ে কেন্দ্রটিতে প্রবেশ করে। তারা দুই নিরাপত্তাকর্মীকে মারধর করে বেঁধে রাখে, ওষুধ, টিকা, চিকিৎসা সরঞ্জামসহ বিভিন্ন সামগ্রী লুট করে এবং পরে ভারী যন্ত্রপাতি দিয়ে একটি পাকা ও তিনটি আধাপাকা ভবন গুঁড়িয়ে দেয়।

১৯৭৪ সাল থেকে কেন্দ্রটি মিরপুরের সুবিধাবঞ্চিত মানুষের মাতৃ ও শিশুসেবা, গর্ভকালীন ও প্রসবোত্তর সেবা, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, শিশুস্বাস্থ্য ও টিকাদানসহ বিভিন্ন সেবা দিয়ে আসছিল। ভবন ধ্বংসের পরও ধ্বংসস্তূপের পাশে ত্রিপল টানিয়ে শিশুদের টিকাদান চালিয়ে যেতে হয়েছে। একটি স্বাস্থ্যসেবা কেন্দ্র ধ্বংসের ফলে সাধারণ মানুষের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা এভাবে ব্যাহত হওয়া অত্যন্ত উদ্বেগজনক।

সরকার ও ক্ষমতাসীন দল এর দায় এড়াতে পারে না, এই ঘটনার সবচেয়ে গুরুতর প্রশ্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ভূমিকা নিয়ে। ঘটনাস্থল থানার সন্নিকটে। সেখানে শত শত মানুষ প্রবেশ করে নিরাপত্তাকর্মীদের বেঁধে রাখল, লুটপাট চালাল এবং ভারী যন্ত্রপাতি এনে দীর্ঘ সময় ধরে একাধিক ভবন গুঁড়িয়ে দিল; এমন ঘটনা কীভাবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যকর হস্তক্ষেপ ছাড়া ঘটতে পারল, সে সম্পর্কে সুষ্ঠ তদন্ত এবং অপরাধীদের বিচার প্রক্রিয়ায় আওতায় আনার আহ্বান জানাচ্ছে এইচআরএফবি।

গণমাধ্যমের প্রতিবেদনে আরো জানা যাচ্ছে, কেন্দ্রের কর্মকর্তারা হামলা ও ভাঙচুরের সময় পুলিশকে খবর দিয়েছিলেন এবং পুলিশ ঘটনাস্থলেও গিয়েছিল। কিন্তু এরপরও পুরো স্থাপনা ধ্বংস করা হয়। ডিএমপি কমিশনার নিজেই বলেছেন, ঘটনাটি প্রতিরোধ করা পুলিশের দায়িত্বের মধ্যে পড়ে এবং কোনো সদস্যের দায়িত্বে অবহেলা বা গাফিলতি পাওয়া গেলে ব্যবস্থা নেওয়া হবে।

এইচআরএফবি মনে করে, শুধু হামলাকারীদের গ্রেপ্তার করাই যথেষ্ট নয়। সাস্থ্যসেবা প্রতিষ্ঠানটিকে যথাযথ ক্ষতিপূরণ প্রদান এবং প্রতিষ্ঠানটি যেন পরবর্তীতে কোন ঝঞ্ঝাট ছাড়া স্বাস্থ্যসেবা প্রদান চলমান রাখার জন্য সরকারী উদ্যোগের আহ্বান জানাচ্ছে এইচআরএফবি।

এইচআরএফবি স্পষ্টভাবে বলতে চায়-একটি জনসেবামূলক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান শত শত মানুষের উপস্থিতিতে লুটপাট ও গুঁড়িয়ে দেওয়ার ঘটনা কোনোভাবেই বিচ্ছিন্ন বা সাধারণ অপরাধ হিসেবে দেখার সুযোগ নেই। এ ঘটনায় যেমন অপরাধীদের জবাবদিহি নিশ্চিত করতে হবে, তেমনি রাষ্ট্রীয় দায়িত্ব পালনে কোনো ব্যর্থতা থাকলে তার দায়ও নির্ধারণ করতে হবে।

Secretariat:
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com
Experts:
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

এই ঘটনায় এইচআরএফবি নিম্নোক্ত দাবি জানাচ্ছে-

(১) ঘটনার নিরপেক্ষ ও সময়বদ্ধ তদন্ত,

(২) হামলা-লুটপাট-ধ্বংসের সঙ্গে জড়িতদের আইনের আওতায় আনা,

(৩) পুলিশ বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলা ছিল কি না তা তদন্ত,

(৪) স্বাস্থ্যকেন্দ্রের সেবা দ্রুত পুনর্বহাল ও অবকাঠামো পুনর্গঠনের ব্যবস্থা,

(৫) তদন্তের ফলাফল জনসম্মুখে প্রকাশ, এবং

(৬) কেন্দ্রের কর্মকর্তা, স্বাস্থ্যকর্মী, নিরাপত্তাকর্মী ও সেবাগ্রহীতাদের নিরাপত্তা নিশ্চিত করা।

-হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)

Secretariat:
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com
Experts:
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).